

# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 12 April, 2025

নির্বাচন পেছাতে চক্রান্ত চলছে এমন মন্তব্য করে বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা জয়নুল আবদিন ফারুক বলেছেন, ন্যূনতম সংস্কার এবং আওয়ামী অপরাধীদের বিচার নিশ্চিত করে দ্রুত নির্বাচনমুখী হওয়া দরকার।

শনিবার (১২ এপ্রিল) জাতীয় প্রেস ক্লাবের সামনে সেনবাগ জাতীয়তাবাদী ফোরামের এক প্রতিবাদ সমাবেশে যোগ দিয়ে তিনি এ কথা বলেন।

প্রধান উপদেষ্টা ড. মো. ইউনুসের উদ্দেশ্যে সাবেক এই সংসদ সদস্য বলেন, আপনি এমন একটা নির্বাচন দেবেন যে নির্বাচনে মুর্শিদ আলমের মতো লোক নির্বাচিত হতে পারবেন না। নির্বাচনের মাধ্যমে সরকার ক্ষমতায় এলে সেই সরকারে যেন দরবেশের মতো লোক না থাকে, আইন মন্ত্রীর মতো লোক যেন না থাকে, শিক্ষামন্ত্রী নওফেলের মতো লোক না থাকে। আপনার কাছে আমাদের দাবি একটাই। আমরা আপনার বিরুদ্ধে না। আমরা আপনার সমর্থক। আমরা আপনার কাছে এমন কিছু চাই না যেটা দিয়ে আমরা অর্থবান হব। আমরা মোরশেদ হতে চাই না। হাসিনার মতো সরকার আসুক এটাও চাইনা।

তিনি আরও বলেন, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান বারবার নির্বাচনের কথা বলেছেন। কিন্তু কিছু কিছু লোক আছে যারা নির্বাচনের কথা বলে আবার মনে মনে বলে কীসের নির্বাচন আগে সংস্কার হবে, স্থানীয় নির্বাচন হবে এসব তাল বাহানা করে ফ্যাসিস্ট হাসিনাকে ক্ষমতায় রাখার যে অবস্থা সৃষ্টি হচ্ছে তার ইঙ্গিত বহন করছে। এর থেকে আপনাকে বেরিয়ে আসতে হবে।

স্বরাষ্ট্র উপদেষ্টার উদ্দেশ্যে ফারুক বলেন, মোরশেদ আলমকে গ্রেপ্তার করা হয়েছে কিন্তু পুলিশ রিমান্ডের আবেদন করে নাই কেন? যে ব্যক্তি হাজার হাজার কোটি টাকা অবৈধভাবে উপার্জন করে বিদেশে পাচার করেছে কিন্তু থানা পুলিশ রিমান্ড চাইনি। তিনি একটি চ্যানেলের মালিক। টিভি চ্যানেল ব্যক্তি মালিকানা হতে পারে কিন্তু সাংবাদিকদের ওপর কোনো হস্তক্ষেপ করতে পারেন না।

তিনি বলেন, যিনি সাংবাদিকদের ওপর হস্তক্ষেপ করবেন তিনি টিভি চ্যানেলের মালিক হতে পারেন না। বর্তমানে আমরা এটাও দেখতে পাচ্ছি। একজন দুর্নীতিবাজ আসামিকে শীতাতপ নিয়ন্ত্রিত মাইক্রোবাসে করে জেলখানা থেকে কোর্টে আনা হয়। এসবের উত্তর আপনাদের দিতে হবে।

সংগঠনের সভাপতি এ বি এম ফারুক হোসেনের সভাপতিত্বে সাধারণ সম্পাদক মোজাম্মেল হোসেন সেলিমের সঞ্চালনায় অবস্থান কর্মসূচিতে উপস্থিত ছিলেন-

বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা হাবিবুর রহমান হাবিব, কৃষকদলের সহ-সভাপতি ভি পি এ ইব্রাহিম, মৎস্যজীবী দলের আহ্বায়ক কমিটির সদস্য ইসমাইল হোসেন সিরাজী, সাবেক ছাত্রনেতা এম এ আজাদ চয়ন, সংগঠনের উপদেষ্টা আব্দুল্লাহ আল মামুন, সাংগঠনিক সম্পাদক জসিম, আদাবর থানা ওলামা দলের আহ্বায়ক হাফেজ মোহাম্মদ কবির হোসেনসহ প্রমুখ।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 20:57

URL: <https://timestodaybd.com/public/national/674775807>